গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
প্রশাসন-৩ শাখা
www.ssd.gov.bd

# সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধিদপ্তরসমূহের সাথে আগস্ট, ২০২৫-এ অনুষ্ঠিত সমন্বয়সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | নাসিমুল গনি, সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় |
| সভার তারিখ | : | ১৯ আগস্ট ২০২৫ |
| সভার সময় | : | সকাল ১১:০০ টা |
| স্থান | : | সম্মেলন কক্ষ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় |
| উপস্থিতি | : | 'পরিশিষ্ট-ক' |

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা)-কে আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করার জন্য আহ্বান জানান। অতঃপর যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা) আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন। সভায় আলোচনা অন্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

<table>
<tr><th>ক্রম</th><th>বিষয় ও আলোচনা</th><th>সিদ্ধান্তসমূহ এবং বাস্তবায়নকারী</th></tr>
<tr><td>২.০</td><td>কার্যবিবরণী দৃঢ়ীকরণ : যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা) সভাকে জানান, গত সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকল কর্মকর্তার নিকট প্রেরণ করা হয়েছে। লিখিত কিংবা মৌখিকভাবে কোন প্রকার সংশোধনীর প্রস্তাব পাওয়া যায়নি। সুতরাং কার্যবিবরণীটি দৃঢ়ীকরণ করা যেতে পারে।</td><td>১) গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হলো।</td></tr>
<tr><td>২.১</td><td>সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের শূন্যপদ পূরণ : যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা) সভাকে জানান, এ বিভাগের আওতাধীন অধিদপ্তরসমূহে শূন্যপদের বিবরণ নিম্নরূপ :
<table>
<tr><th>ক্রম</th><th>দপ্তর/সংস্থার নাম</th><th>অনুমোদিত পদ</th><th>কর্মরত</th><th>শূন্যপদ</th></tr>
<tr><td>১</td><td>মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর</td><td>৩,০৫৯</td><td>২,১৭১</td><td>৮৮৮</td></tr>
<tr><td>২</td><td>বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর</td><td>১,৪৮০</td><td>৯৭৪</td><td>৫০৬</td></tr>
<tr><td>৩</td><td>ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর</td><td>১৪,৫৭০</td><td>১৩,৬১৭</td><td>৯৫৩</td></tr>
<tr><td>৪</td><td>কারা অধিদপ্তর</td><td>১৩,৩৪০</td><td>১০,৯৯২</td><td>২,৩৪৮</td></tr>
<tr><td colspan="2">মোট=</td><td>৩২,৪৪৯</td><td>২৭,৭৫৪</td><td>৪,৬৯৫</td></tr>
</table>
</td><td>১)আওতাধীন অধিদপ্তরসমূহর সকল শূন্যপদ পূরণের ক্ষেত্রে নিষ্ঠা ও সততার সঙ্গে দায়িত্ব পালন এবং নিয়োগ প্রক্রিয়ায় শতভাগ স্বচ্ছতা নিশ্চিত করতে হবে।<br><br>২) বিপিএসসির মাধ্যমে পূরণযোগ্য শূন্যপদ দ্রুত পূরণের জন্য বিপিএসসি'র সাথে দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br><br>৩) বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের নিয়োগবিধিমালার বিষয়ে</td></tr>
</table>

<table>
<tr><th>ক্রম</th><th>বিষয় ও আলোচনা</th><th>সিদ্ধান্তসমূহ এবং বাস্তবায়নকারী</th></tr>
<tr><td></td><td>

**শূন্যপদের বিন্যাস :**

| মন্ত্রণালয়/ অধিদপ্তর | ১ম-৯ম গ্রেড | ১০ম গ্রেড | ১১-১৬ গ্রেড | ১৭-২০ গ্রেড | মোট |
|---|---|---|---|---|---|
| মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর | ১৮১ | ২৯২ | ২৩১ | ১৮৪ | ৮৮৮ |
| বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর | ৫০ | ১৩২ | ৭৩ | ২৫১ | ৫০৬ |
| ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর | ৩৪ | ২১ | ৬৮৯ | ২০৯ | ৯৫৩ |
| কারা অধিদপ্তর | ১৬১ | ৮২ | ৮০৩ | ১৩০২ | ২,৩৪৮ |
| মোট = | ৪২৬ | ৫২৭ | ১৭৯৬ | ১৯৪৬ | ৪৬৯৫ |

**ক) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর :** জনাব মোঃ হাসান মারুফ, মহাপরিচালক, সভাকে জানান, ৪৩তম বিসিএস এর নন-ক্যাডার হতে ৪ ক্যাটাগরির ২৫টি শূন্য পদে (সহকারী পরিচালক-১৪টি, রিহেবিলিটেশন অফিসার-৪টি, সহকারী রাসায়নিক পরীক্ষক-৪টি, সাইকিয়াট্রিক সোসাল ওয়ার্কার-৩টি) নিয়োগের জন্য ৮ মে, ২০২৫ তারিখে সুরক্ষা সেবা বিভাগ হতে জনপ্রশাসন মন্ত্রণালয়ে অনুরোধ পত্র প্রেরণ করা হয়েছে। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরে ক্লিনিক্যাল সাইকোলজিস্টের ৮টি শূন্যপদে নিয়োগের নিমিত্ত সুরক্ষা সেবা বিভাগ হতে ৪ জুন, ২০২৪ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়েছে। এছাড়া, মেডিকেল অফিসারের ১৬টি পদ, সহকারী রেজিস্ট্রারের ১টি পদ, ইমারজেন্সি মেডিকেল অফিসার এর ৩টি পদে জনবল নিয়োগের লক্ষ্যে অধিদপ্তরের প্রস্তাবের প্রেক্ষিতে বাংলাদেশ সরকারী কর্মকমিশন সচিবালয় কর্তৃক ১৩ ফেব্রুয়ারি, ২০২৫ তারিখে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। তিনি আরো জানান, পরিদর্শকের ৩৬টি পদে বিপিএসসি কর্তৃক ১৩ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে।

**খ) বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর :** বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের সিস্টেম এনালিস্টের ১টি শূন্যপদে সরাসরি নিয়োগের প্রস্তাব এ বিভাগ হতে বিপিএসসিতে ২৩/১১/২০২২ তারিখে প্রেরণ করা হয়েছে। ৭টি সহকারী পরিচালকের শূন্য পদ পদোন্নতির মাধ্যমে পূরণের নিমিত্ত এ বিভাগ হতে ২২/০৯/২০২৪ তারিখে বিপিএসসিতে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। ১৬টি সহকারী পরিচালকের শূন্য পদ সরাসরি নিয়োগের জন্য এ বিভাগ হতে ২৬ নভেম্বর ২০২৪ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। পরবর্তীতে এ সংক্রান্তে বিপিএসসি হতে কতিপয় তথ্যাদি প্রেরণের অনুরোধ করা হলে যাচিত তথ্যাদি প্রেরণের জন্য ১৭/১০/২০২৪ তারিখে অধিদপ্তরে পত্র প্রেরণ করা হয়েছে। তাছাড়া প্রোগ্রামার-১টি শূন্যপদে নিয়োগের লক্ষ্যে ৮ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে; অ্যাসিস্টেন্ট মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার-৫টি শূন্যপদে নিয়োগের লক্ষ্যে ৫ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে এবং অ্যাসিস্টেন্ট প্রোগ্রামার-২টি শূন্যপদে নিয়োগের লক্ষ্যে ৬ জুন ২০২৪ তারিখে বিপিএসসিতে প্রস্তাব প্রেরণ করা হয়েছে।

**গ) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর :** ব্রিগেডিয়ার জেনারেল মুহাম্মদ জাহেদ কামাল, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি মহাপরিচালক বলেন,

</td><td>

জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে আলোচনা করে সমাধান করতে হবে।

৪) অবৈধ প্রার্থী এবং দালালচক্র শনাক্তকরণে সকল নিয়োগের আবেদন প্রক্রিয়ায় বায়োমেট্রিক ফিঙ্গার প্রিন্ট সংযোজন করতে হবে;

৫) নিয়োগ পরীক্ষার বিভিন্ন পর্যায়ে অত্যাধুনিক ডিজিটাল ডিভাইস ব্যবহার করতে হবে;

৬) কারা অধিদপ্তরের মত নিয়োগ প্রক্রিয়া অন্যান্য অধিদপ্তরগুলো অনুসরণ করতে পারে;

৭) নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের সময় পরীক্ষা গ্রহণ পদ্ধতি এবং বিজ্ঞপ্তিতে প্রকাশিত পদসংখ্যা চূড়ান্ত নিয়োগের সময় নিশ্চিত করতে হবে।

**বাস্তবায়নকারী : অনুবিভাগ প্রধান (সকল)/ অধিদপ্তর প্রধান (সকল)।**

</td></tr>
</table>

| ক্রম | বিষয় ও আলোচনা | সিদ্ধান্তসমূহ এবং বাস্তবায়নকারী |
|---|---|---|
| | বিপিএসসি এর মাধ্যমে স্টেশন অফিসার-১৭৬টি পদের ২৬.০৬.২০২৩ তারিখে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে যার লিখিত পরীক্ষা অতি শিগ্রই অনুষ্ঠিত হবে। বিপিএসসি কর্তৃক চূড়ান্তভাবে নির্বাচিত স্টেশন অফিসার ও স্টাফ অফিসার ৫৩টি পদের মধ্যে হতে ১৯ জন যোগদান করেছেন এবং বিপিএসসি থেকে সুপারিশ প্রাপ্ত ২টি জুনিয়র প্রশিক্ষক পদের স্বাস্থ পরীক্ষার জন্য স্বাস্থ্য অধিদপ্তরে পত্র প্রেরণ করা হয়েছে।<br><br>**ঘ) কারা অধিদপ্তর :** কারা অধিদপ্তরের কারা মহাপরিদর্শক ব্রিগেডিয়ার জেনারেল সৈয়দ মোঃ মোতাহের হোসেন সভাকে জানান, ১৩ টি অতিরিক্ত উপ কারা মহাপরিদর্শক, ২টি উপ সহকারী কারা মহাপরিদর্শক, ২টি সমাজকল্যাণ কর্মকর্তা, ৬টি ডেপুটি নার্সিং সুপারিন্টেডেন্ট খসড়া নিয়োগ বিধিতে অর্ন্তভূক্ত করে এ বিভাগে প্রেরণ করা হয়েছে। ৬টি পদ সংরক্ষণ রেখে ৫৫টি ডিপ্লোমা নার্স নিয়োগের জন্য বিপিএসসি বরাবর ২১ নভেম্বর ২০২২ তারিখে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। বিভিন্ন ক্যাটাগরির ৩৪৬টি পদ পেদান্নতির মাধ্যমে পূরণ করা হবে।<br><br>• অবৈধ প্রার্থী এবং দালালচক্র শনাক্তকরণের জন্য সকল নিয়োগের আবেদন প্রক্রিয়ায় বায়োমেট্রিক ফিঙ্গার প্রিন্ট সংযোজন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br>• নিয়োগ পরীক্ষার বিভিন্ন পর্যায়ে অত্যাধুনিক ডিজিটাল ডিভাইস ব্যবহার করার বিষয়ে সভায় পরামর্শ প্রদান করা হয়।<br>• কারা অধিদপ্তরের মত নিয়োগ প্রক্রিয়া অন্যান্য অধিদপ্তরগুলো অনুসরণ করার বিষয়ে গুরুত্বারোপ করা হয়।<br>• নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের সময় পরীক্ষা গ্রহণ পদ্ধতি এবং বিজ্ঞপ্তিতে প্রকাশিত পদসংখ্যা চূড়ান্ত নিয়োগের সময় নিশ্চিত করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | |
| ২.২ | **জেলা প্রশাসক সম্মেলনে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন :** যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা) সভাকে জানান, জেলাপ্রশাসক সম্মেলন-২০২৫-এ গৃহীত সিদ্ধান্তসমূহের মধ্যে স্বল্পমেয়াদী-২টি, মধ্যমেয়াদী-৪টি সিদ্ধান্ত রয়েছে। জেলাপ্রশাসক সম্মেলন ২০১৯-২০২৪-এ গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নাধীন পর্যায়ে রয়েছে। | ১) জেলা প্রশাসক সম্মেলন ২০১৯-২০২৪ এবং জেলা প্রশাসক সম্মেলন ২০২৫-এ গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতি প্রতি মাসের : সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।<br><br>**বাস্তবায়নে : অনুবিভাগ প্রধান (সকল)/ অধিদপ্তর প্রধান (সকল)** |
| ২.৩ | **ই-জিপি :**<br>**বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর :** জুলাই, ২০২৫ এ ই-জিপিতে কোন পণ্যের টেন্ডার আহ্বান করা হয়নি।<br>**মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর :** জুলাই, ২০২৫ এ ই-জিপিতে কোন পণ্যের টেন্ডার আহ্বান করা হয়নি। | ১) পিপিএ-২০০৬ এবং পিপিআর ২০০৮ অনুযায়ী টেন্ডার কার্যক্রম সম্পাদন করতে হবে। |

<table>
<tr><th>ক্রম</th><th>বিষয় ও আলোচনা</th><th>সিদ্ধান্তসমূহ এবং বাস্তবায়নকারী</th></tr>
<tr><td></td><td>ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর : ২০২৫-২০২৬ অর্থ বছরের ক্রয় পরিকল্পনার কার্যক্রম চলমান রয়েছে।<br>কারা অধিদপ্তর : জুলাই, ২০২৫ এ ই-জিপিতে কোন পণ্যের টেন্ডার আহ্বান করা হয়নি।</td><td>২) ই-জিপিতে যে সকল পণ্য/সেবা/কার্য সংগ্রহ /ক্রয় করা হয় তার প্যাকেজওয়াইজ বিবরণী প্রতিমাসে প্রেরণ অব্যাহত রাখতে হবে।<br><br>বাস্তবায়নে : প্রশাসন অনুবিভাগ/ অধিদপ্তর প্রধান (সকল)</td></tr>
<tr><td>২.৪</td><td>অডিট আপত্তি : সভাকে জানানো হয়, এ বিভাগ এবং আওতাধীন অধিদপ্তরের অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির নিমিত্ত ত্রিপক্ষীয় সভা অনুষ্ঠান অব্যাহত রয়েছে। এ বিভাগ এবং অধিদপ্তরসমূহের অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির লক্ষ্যে এ বিভাগের কর্মকর্তাগণের (যুগ্মসচিব ও উপসচিব) সমন্বয়ে কমিটি গঠনপূর্বক ০৬ মাসের সিডিউল প্রস্তুত করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।
<table>
<tr><th>বিভাগ/সংস্থার নাম</th><th>মোট অডিট আপত্তির সংখ্যা</th><th>জবাব প্রদানের সংখ্যা</th><th>মোট নিষ্পত্তিকৃত আপত্তির সংখ্যা</th><th>অবশিষ্ট আপত্তির সংখ্যা</th></tr>
<tr><td>এসএসডি</td><td>৭</td><td>৪</td><td>১</td><td>৬</td></tr>
<tr><td>ডিআইপি</td><td>১৫৫টি</td><td>৯৩</td><td>৫৪</td><td>১০১</td></tr>
<tr><td>প্রিজন</td><td>৫৫৩</td><td>৫২৯</td><td>৩২৬</td><td>২২৭</td></tr>
<tr><td>এফএসসিডি</td><td>১২৪</td><td>১২০</td><td>৩২</td><td>৯২</td></tr>
<tr><td>ডিএনসি</td><td>৮৯</td><td>৩৯</td><td>১৮</td><td>৭১</td></tr>
</table></td><td>১) এ বিভাগ এবং অধিদপ্তরসমূহর অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির লক্ষ্যে এ বিভাগের কর্মকর্তাগণের সমন্বয়ে কমিটি গঠনপূর্বক ০৬ মাসের সিডিউল প্রস্তুত করতে হবে।<br><br>২) দীর্ঘদিনের পুরাতন ও Serious Financial Irregularities (SFI)আপত্তি সমূহ দ্রুত নিষ্পত্তির জন্য দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভার আয়োজন অব্যাহত রাখতে হবে।<br><br>বাস্তবায়নে : অনুবিভাগ প্রধান (প্রশাসন ও অর্থ)/ অধিদপ্তর প্রধান (সকল)</td></tr>
<tr><td>২.৫</td><td>পেনশন : সভাকে জানানো হয়, আদালতে মামলা বিচারাধীন থাকার কারণে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরে ১টি ও কারা অধিদপ্তরে ১টি পেনশন কেস অনিষ্পন্ন রয়েছে। অনিষ্পন্ন পেনশন কেসসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।</td><td>১) এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থায় পেন্ডিং পেনশন কেসসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা করতে হবে।<br>বাস্তবায়নে : অনুবিভাগ প্রধান (সকল)/ অধিদপ্তর প্রধান (সকল)</td></tr>
<tr><td>২.৬</td><td>জেলা পরিদর্শন : সুরক্ষা সেবা বিভাগের নিম্নোক্ত কর্মকর্তাগণ বিভিন্ন অফিস পরিদর্শন করেন:<br><br>১) জনাব খলিল আহমেদ, যুগ্মসচিব ৮-৯ জুলাই ২০২৫ তারিখে কেন্দ্রীয় কারাগার, চট্টগ্রাম; ১৯/০৭/২০২৫ তারিখ জেলা কারাগার, নরসিংদী; মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, জেলা কার্যালয়, নরসিংদি পরিদর্শন করেন।</td><td>১) সারাদেশের কারাবন্দিদের সংখ্যাধিক্য বিবেচনায় নিয়ে সম্ভাব্যতা যাচাইপূর্বক পর্যায়ভিত্তিক ০৫ বছর মেয়াদি কর্মপরিকল্পনা প্রস্তুত করতে</td></tr>
</table>

| ক্রম | বিষয় ও আলোচনা | সিদ্ধান্তসমূহ এবং বাস্তবায়নকারী |
|---|---|---|
| | ০২) জনাব মোঃ হাফিজ-আল-আসাদ, উপসচিব ১৬-১৭ জুলাই ২০২৫ তারিখে আঞ্চলিক পাসপোর্ট অফিস, নড়াইল; আঞ্চলিক পাসপোর্ট অফিস, যশোর; নড়াইল জেলা কারাগার; যশোর কেন্দ্রীয় কারাগার; ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অফিস, নড়াইল পরিদর্শন করেন।<br><br>০৩) মোঃ শহীদ আতাহার হোসেন, উপসচিব ২০-২১ জুলাই ২০২৫ তারিখে জামালপুর জেলা কারাগার পুনঃনির্মাণ (১ম সংশোধিত) প্রকল্প; ময়মনসিংহ বিভগের জামালপুর জেলার ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, আঞ্চলিক পাসপোর্ট অফিস এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ জেলা কার্যালয় পরিদর্শন করেন।<br><br>মেজর জেনারেল মোঃ নূরুল আনোয়ার, বিএসপি, এসজিপি, এনডিসি, এইচডিএমসি, এএফডব্লিউসি, পিএসসি, জি, মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর ০৬-০৭ জুলাই ২০২৫ তারিখে আঞ্চলিক পাসপোর্ট অফিস,লক্ষীপুর এবং আঞ্চলিক পাসপোর্ট অফিস,কুমিল্লা পরিদর্শন করেন।<br><br>ব্রিগেডিয়ার জেনারেল সৈয়দ মোঃ মোতাহের হোসেন, এনডিসি, পিএসসি, কারা মহাপরিদর্শক ১০-১৩ জুন ২০২৫ ১২-২২ জুলাই ২০২৫ তারিখে কক্সবাজার জেলা কারাগার; ফেনী জেলা কারাগার; চট্টগ্রাম কেন্দ্রীয় কারাগার; গোপালগঞ্জ জেলা কারাগার এবং মাদারীপুর জেলা কারাগার পরিদর্শন করেন।<br><br>পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ পর্যালোচনায় দেখা যায় যে, সারাদেশের বিভিন্ন কারাগারে ধারণ ক্ষমতার বিপরীতে প্রায় দ্বিগুণ বন্দি অবস্থান করছেন। তৎপ্রেক্ষিতে কারাবন্দিদের সংখ্যাধিক্য বিবেচনায় নিয়ে সম্ভাব্যতা যাচাইপূর্বক পর্যায়ভিত্তিক ০৫ বছর মেয়াদি কর্মপরিকল্পনা প্রস্তুতের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | হবে।<br><br>২) প্রত্যেক মাসে এ বিভাগের কর্মকর্তাগণ ও আওতাধীন দপ্তরসমূহের মহাপরিচালকগণকে নিয়মিত উন্নয়ন প্রকল্পসহ মাঠ পর্যায়ের দপ্তরসমূহের কার্যক্রম পরিদর্শন অব্যাহত রাখতে হবে।<br><br>৩) পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>**বাস্তবায়নে : অনুবিভাগ প্রধান (সকল)/ অধিদপ্তর প্রধান (সকল)** |
| ২.৭ | **অনিষ্পন্ন বিষয়াদি :** সভাকে জানানো হয়, দীর্ঘ সময়ে অনিষ্পন্ন পত্রাদি রয়েছে কিনা এ বিষয়ে সভাপতি জানতে চান এবং থাকলে দ্রুত নিষ্পন্নের ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন।<br><br>এ বিভাগের সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধানগণের সাথে আলোচনাক্রমে অধীন দপ্তর/সংস্থার অনিষ্পন্ন বিষয়সমূহ দ্রুত নিষ্পত্তির কার্যক্রম চলমান আছে। | ১) দীর্ঘ সময়ে অনিষ্পন্ন পত্রাদি দ্রুত নিষ্পন্নের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>২) এ বিভাগের সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধানগণের সাথে আলোচনাক্রমে আওতাধীন অধিদপ্তরের অনিষ্পন্ন বিষয়সমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>**বাস্তবায়নে : অনুবিভাগ প্রধান (সকল)/ অধিদপ্তর প্রধান (সকল)** |
| ২.৮ | **প্রশিক্ষণ :** সভাকে জানানো হয়, জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশিক্ষণ ক্যালেন্ডার অনুযায়ী অধিদপ্তরসমূহে যুগোপযোগী ও নৈতিকতা বিষয়ক প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। | ১) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র সচিবের নৈতিকতামূলক প্রশিক্ষণের পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের আলোকে আওতাধীন বিভিন্ন অধিদপ্তর/ সংস্থার কর্মকর্তা/ কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান |

<table>
<tr><th>ক্রম</th><th>বিষয় ও আলোচনা</th><th>সিদ্ধান্তসমূহ এবং বাস্তবায়নকারী</th></tr>
<tr><td></td><td></td><td>করতে হবে।<br><br>বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান (সকল)</td></tr>
<tr><td>২.৯</td><td>ওয়েবসাইট হালনাগাদকরণ : এ বিভাগের আওতাধীন অধিদপ্তরসমূহে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক ওয়েবসাইট হালনাগাদ অব্যাহত রাখার বিষয়ে গুরুত্বারোপ করা হয়। বিবেচ্য মাসে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের ১৩টি, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ১৯৮টি, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ৫৪টি, কারা অধিদপ্তরের ৯৫টি তথ্য অধিদপ্তরসমূহের ওয়েবসাইটে আপলোড ও হালনাগাদ করা হয়েছে।</td><td>১) এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক যথাযথ তথ্যাদি আপলোড ও হালনাগাদকরণ অব্যাহত রাখতে হবে।<br><br>বাস্তবায়নে : অনুবিভাগ প্রধান (প্রশাসন ও অর্থ)/নিরাপত্তা ও বহিরাগমন</td></tr>
<tr><td>২.১০</td><td>অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা : সভাকে জানানো হয়, প্রাপ্ত অভিযোগসমূহ নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণপূর্বক মন্ত্রিপরিষদ বিভাগে নিয়মিত প্রতিবেদন প্রেরণ অব্যাহত আছে। বিভিন্ন দপ্তরে দাখিলকৃত অভিযোগসমূহে অভিযোগকারীর নাম, ঠিকানা ও মোবাইল নম্বর সংবলিত অভিযোগসমূহ আমলে নিতে হবে। এছাড়াও বেনামী অভিযোগের ক্ষেত্রে মন্ত্রিপরিষদ বিভাগের পরিপত্র অনুযায়ী নিষ্পত্তি করতে হবে তথাপি অভিযোগের গুরুত্ব অনুধাবন করে বেনামী অভিযোগও আমলে নেওয়ার বিষয়ে আলোচনা করা হয়।</td><td>১) নির্দিষ্ট সময়ের মধ্যে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান (সকল)</td></tr>
<tr><td>২.১১</td><td>ডি-নথি : সভাকে জানানো হয়, এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহ এবং বিভিন্ন দপ্তর/সংস্থা হতে প্রাপ্ত অধিকাংশ পত্রসমূহ ডি-নথিতে উপস্থাপন ও নিষ্পত্তিকরণ অব্যাহত আছে।
<table>
<tr><th></th><th colspan="4">জুলাই ২০২৫</th><th colspan="4">জুন ২০২৫</th></tr>
<tr><th>বিভাগ/অধিদপ্তর</th><th>হার্ড ফাইলে নিষ্পত্তিকৃত নোটের সংখ্যা</th><th>ই-ফাইলে নিষ্পত্তিকৃত মোট নোটের সংখ্যা</th><th>মোট</th><th>শতকরা (ই-ফাইলে নিষ্পত্তিকৃত)</th><th>হার্ড ফাইলে নিষ্পত্তিকৃত নোটের সংখ্যা</th><th>ই-ফাইলে নিষ্পত্তিকৃত মোট নোটের সংখ্যা</th><th>মোট</th><th>শতকরা (ই-ফাইলে নিষ্পত্তিকৃত)</th></tr>
<tr><td>ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর</td><td>১৬</td><td>১৬১</td><td>১৭৭</td><td>৯০.৯৬%</td><td>১৪</td><td>১৩৩</td><td>১৪৭</td><td>৯১.৪৭%</td></tr>
</table></td><td>১) যেসকল পত্র ডি-নথিতে নিষ্পত্তিযোগ্য সেগুলো ডি-নথিতে নিষ্পত্তি করতে হবে।<br><br>বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান (সকল)/ সিস্টেম এনালিস্ট (আইসিটি সেল)</td></tr>
</table>

<table>
<tr><th>ক্রম</th><th>বিষয় ও আলোচনা</th><th>সিদ্ধান্তসমূহ এবং বাস্তবায়নকারী</th></tr>
<tr><td></td><td>
<table>
<tr><td>বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর</td><td>১২</td><td>১১১</td><td>১২৩</td><td>৯০.২৪%</td><td>৯</td><td>৮৪</td><td>৯৩</td><td>৯০.৩২%</td></tr>
<tr><td>মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর</td><td>২৯</td><td>৪২৯</td><td>৪৫৮</td><td>৯৩.৬৭%</td><td>৩১</td><td>১৮০</td><td>২১১</td><td>৮৫.৩১%</td></tr>
<tr><td>কারা অধিদপ্তর</td><td>১৬</td><td>৩১২</td><td>৩২৮</td><td>৯৫.১২%</td><td>১২</td><td>২৪১</td><td>২৫৩</td><td>৯৫.২৬%</td></tr>
</table>
</td><td></td></tr>
<tr><td>২.১২</td><td>ভিডিও কনফারেন্স : সভায় জানানো হয়, বিবেচ্য মাসে, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ৪টি, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের ১টি, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ৬টি, কারা অধিদপ্তরের ৭টি ভিডিও কনফারেন্স অনুষ্ঠিত হয়েছে।</td><td>১) এ বিভাগের অধীন অধিদপ্তর/ জেলা/ বিভাগীয় পর্যায়ের কর্মকর্তা/ স্টেক-হোল্ডার ও সেবা গ্রহীতাগণের সাথে ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে মতবিনিময় সভার আয়োজন অব্যাহত রাখতে হবে।<br><br>বাস্তবায়নে : অনুবিভাগ প্রধান (সকল)/ অধিদপ্তর প্রধান (সকল)/ সিস্টেম এনালিস্ট (আইসিটি সেল)</td></tr>
<tr><td>২.১৩</td><td>বিভাগীয় ও দেওয়ানী মামলা : সভাকে জানানো হয়, এ বিভাগের আওতাধীন অধিদপ্তরসমূহে বিবেচ্য মাসে এ পর্যন্ত বিভাগীয় মামলার সংখ্যা ৭১২ টি, চলতি মাসে দায়েরকৃত মামলার সংখ্যা ৭৫ টি, মোট মামলার সংখ্যা ৭৮৭ টি। বিবেচ্য মাসে এর মধ্যে ৬৪ টি মামলা নিষ্পত্তি করা হয়েছে। ৭২৩ টি মামলা অনিষ্পন্ন/চলমান রয়েছে।<br><br>এ বিভাগের আওতাধীন অধিদপ্তরসমূহে বিভাগীয় আপিল মামলার সংখ্যা ২ টি, চলতি মাসে দায়েরকৃত মামলার সংখ্যা ০টি, মোট আপিল মামলার সংখ্যা ২ টি, নিষ্পত্তিকৃত আপিল মামলার সংখ্যা ০ টি, অবশিষ্ট আপিল মামলার সংখ্যা ২ টি। এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহে এটি/এএটি মামলার সংখ্যা: এটি-১৪২ টি ও এএটি-৬৪ টি।<br>এ বিভাগের আওতাধীন আওতাধীন অধিদপ্তরসমূহে লিভ-টু-আপিল মামলার সংখ্যা-৬৪ টি, রিট-৩৪৫ টি, সিভিল রিভিশন-১১ টি, দেওয়ানি-২০ টি, ফৌজদারি- ৫ টি।</td><td>১) বিভিন্ন আদালতে বিচারাধীন মামলাসমূহ অধিদপ্তরে নিযুক্ত প্যানেল আইনজীবীগণ কর্তৃক মামলার মেরিট অনুযায়ী যেন আদালতে সঠিকভাবে তথ্য উপস্থাপন করা হয় সে বিষয়ে মনিটরিং অব্যাহত রাখতে হবে।<br><br>বাস্তবায়নে : অনুবিভাগ প্রধান (সকল)/ অধিদপ্তর প্রধান (সকল)</td></tr>
</table>

| ক্রম | বিষয় ও আলোচনা | সিদ্ধান্তসমূহ এবং বাস্তবায়নকারী |
|---|---|---|
| ২.১৪ | **বিবিধ :**<br>• জমি অধিগ্রহণের পূর্বে উক্ত কোডে প্রয়োজনীয় বরাদ্দ আছে কি না তা নিশ্চিত হতে হবে এবং অর্থ বিভাগের প্রয়োজনীয় অনুমোদন গ্রহণপূর্বক অধিযাচনের কার্যক্রম সম্পাদন করার বিষয়ে সভায় পরামর্শ প্রদান করা হয়।<br>• এ বিভাগে অনুষ্ঠেয় মাসিক সভাসমূহের জন্য কার্যপত্র প্রস্তুতকরণে অধিদপ্তর হতে প্রতি মাসের ০২ তারিখের মধ্যে তথ্য প্রেরণ করা হয় এবং কোন দপ্তর/সংস্থা হতে কত তারিখের মধ্যে তথ্য পাওয়া গিয়েছে তা সভার কার্যপত্রে উল্লেখ করা হচ্ছে। | ১) জমি অধিগ্রহণের পূর্বে উক্ত কোডে প্রয়োজনীয় বরাদ্দ নিশ্চিত করতে হবে এবং অর্থ বিভাগের প্রয়োজনীয় অনুমোদন গ্রহণ করতে হবে;<br>২) মাসিক ও অন্যান্য সভাসমূহের কার্যপত্র প্রস্তুতের নিমিত্ত অধিদপ্তর হতে প্রতিমাসের ০২ তারিখের মধ্যে তথ্য প্রেরণ অব্যাহত রাখতে হবে।<br>**বাস্তবায়নে : অনুবিভাগ প্রধান (সকল)/ অধিদপ্তর প্রধান (সকল)** |

৩। সভাপতি এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরের কর্মকর্তাগণকে তাঁদের সততা, মেধা, মনন, প্রজ্ঞা, দক্ষতা ও অভিজ্ঞতা কাজে লাগিয়ে অর্পিত দায়িত্ব নিষ্ঠার সাথে পালনের মাধ্যমে সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়নের জন্য অনুরোধ জানান। তিনি আরো বলেন, সেবা প্রদানকালে জনগণ যেন কোন হয়রানির শিকার না হন সে বিষয়টি সর্বাগ্রে খেয়াল রাখতে হবে।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে তিনি সভার সমাপ্তি ঘোষণা করেন।

নাসিমুল গনি
সিনিয়র সচিব
স্বরাষ্ট্র মন্ত্রণালয়